

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা ৯২০৩

গত ০৭/০২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে সমন্বয় সভার সিদ্ধান্ত

সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের করণীয় নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়। এছাড়া জ্বালানী সাশ্রয়ের জন্য যানবাহন কমিটির নিকট একটি প্রস্তাব আহবান করা হয়। উল্লেখ্য, চলতি অর্থবছরে জ্বালানী তেলের বাজেট ২৫% কম দেয়ায় এবং তদুপরি বর্তমানে বিশ্বে জ্বালানী তেলের সংকটের কারণে প্রায় ৪৫% মূল্য বৃদ্ধি পাওয়ায় অত্র বিশ্ববিদ্যালয়ের জ্বালানী বাজেট শেষ হয়ে গিয়েছে। এ প্রেক্ষিতে জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের উদ্দেশ্যে গঠিত কমিটিদ্বয়ের রিপোর্ট নিয়ে গত ০৭/০২/২০২৩ইং তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলরের সভাপতিত্বে প্রো-ভাইস চ্যান্সেলর, সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, চেয়ারম্যান, হল প্রভোস্ট এবং দপ্তর প্রধানগণের সমন্বয়ে এক সভার আয়োজন করা হয়। উক্ত সভার আলোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

জ্বালানী সাশ্রয় প্রসঙ্গে

- ১। খুলনা শহরের বাহিরে সকল প্রকার গাড়ীর রিকুইজিশান আপাততঃ রহিত করা হলো।
- ২। প্রাতিষ্ঠানিক (সরকারি) কাজে গাড়ী ব্যবহারের জন্য ভিসি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে সকল ক্ষেত্রে মাসিক সর্বোচ্চ ১টি রিকুইজিশান দেয়া যেতে পারে। উল্লেখ্য, বিভাগ বা সেকশনের কোন সভার বা পরীক্ষার জন্য বহিরাগত সদস্যদের আনয়নের ব্যাপারটি শিথিলযোগ্য।
- ৩। ছোট গাড়ীর ব্যক্তিগত রিকুইজিশানের ক্ষেত্রে অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য মাসে ২টি এবং সহকারী অধ্যাপক, প্রভাষক ও সমপর্যায়ের কর্মকর্তাদের (প্রযোজ্য ক্ষেত্রে) মাসে ১টি রিকুইজিশান দেয়া যাবে। তবে জবুরী চিকিৎসার ক্ষেত্রে এ নিয়ম শিথিলযোগ্য।
- ৪। জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে দুপুরের বাস ট্রিপসমূহ কমিয়ে দেয়া এবং সেক্ষেত্রে বাসের সামনে শিক্ষক/কর্মকর্তাগণের আসন রিজার্ভ রেখে চলাচল করা এবং বিকাল-৪.০০ টার ট্রিপ ও রাত ৮.০০ টা থেকে সকল ট্রিপ রহিত করার সিদ্ধান্ত হয়। তবে শনিবারের সকালের বাসট্রিপ ২/৩টি বাসের দ্বারা সম্পন্ন করতে হবে। পরিবর্তিত ট্রিপের সময়সূচী যানবাহন শাখা যথাসময়ে প্রকাশ করবে।

উপরোল্লিখিত সকল প্রকার গাড়ী চলাচলের বিধি নিষেধ দুই সপ্তাহ ব্যাপী পরীক্ষামূলকভাবে আগামী ১৩.০২.২০২৩ইং তারিখ থেকে কার্যকর হবে। যা অন্ততঃ জ্বালানী সংকট নিরসন না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বিদ্যুৎ সাশ্রয় প্রসঙ্গে

(Save Power Save KUET)

- ১। বিদ্যুৎ সাশ্রয়ের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের ক্লাস রুটিনে বিরতির সময় দুপুর ১.১০মি. থেকে ২.০০টা পর্যন্ত রেখে সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.৩০মি. পর্যন্ত ক্লাসের সময় নির্ধারন করা হলো।
- ২। সৌন্দর্য্য বর্ধন লাইটিং, স্ট্রিট লাইটিং, বিভিন্ন ভবনের অপয়োজনীয় লাইটিং ও হলের করিডোরের লাইটিং রাত ১০.০০ টার পর থেকে বন্ধ রাখতে হবে। রাত ১০.০০টা থেকে ভবনসমূহের প্রতিতলায় দুই প্রান্তে ২টি এবং মাঝে দুই পাশে ১টি করে লাইট জ্বালানো যেতে পারে।
- ৩। এছাড়া বাহিরের সকল প্রকার লাইট সূর্য উদয়ের সাথে সাথে বন্ধ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে দায়িত্বরত ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হোক।

- ৪। দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য জানালার পর্দা বিনা প্রয়োজনে ব্যবহার না করার জন্য বলা অনুরোধ করা হলো।
- ৫। প্রতিবছর নভেম্বর থেকে ফেব্রুয়ারী পর্যন্ত সকল প্রকার শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (Server Room ও Sophisticated Lab বাদে) বন্ধ রাখতে হবে।
- ৬। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature 25°C বা তার উপরে রাখার পরামর্শ দেয়া হলো।
- ৭। নিজ উদ্যোগে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র রাখা কক্ষে ছিদ্র বা Leaks ইত্যাদি দেখা গেলে প্রধান প্রকৌশলী দপ্তরের সহযোগিতায় তাপ নিরোধক বস্তু দ্বারা বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাঙ্গিকভাবে সহযোগিতার অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

Aradayan

০৯/০২/২০২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ২৯৫০/৫০

তারিখঃ ০২-০২-২০২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। চেয়ারম্যান, যানবাহন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। চেয়ারম্যান, নিরাপত্তা কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৪। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১৫। সকল নোটিশ বোর্ড।
- ১৬। সংরক্ষণ নথি।

Aradayan

(মোঃ মনিরুজ্জামান)

সহকারী রেজিস্ট্রার